দৈনিক বাংলা

তারিখ 14 SEP 1992
পৃষ্ঠা ৬ কলাম ৭

132

# ৯ হাজার প্রাইমারী স্কুল অনুদান পাবে : সালাম

মোয়াজ্জেমপুর (ময়মনসিংহ), ১৩ সেপ্টেম্বর।—স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায়মন্ত্রী ব্যারিস্টার আবদুস সালাম তালুকদার বলেছেন, দেশের প্রতিটি থানায় একটি করে হাইস্কুল এবং একটি করে কলেজ সরকারীকরণ করা হবে এবং এতে ব্যয় হবে ৭ কোটি টাকা। এছাড়া আগামী তিন বছরের মধ্যে দেশের ৯ হাজার প্রাথমিক বিদ্যালয়ের অবকাঠামোতে উন্নয়নের জন্য প্রতিটি স্কুলকে ২ লাখ ৪০ হাজার টাকা করে অনুদান দেয়া হবে।

তিনি শুক্রবার এখানে বাংলাদেশ জাতীয়তাবাদী দল ময়মনসিংহ সদর উত্তর জেলা শাখার দ্বি-বার্ষিক সম্মেলন–'৯২ এ প্রধান অতিথির ভাষণ দিচ্ছিলেন। সংসদ সদস্য আনোয়ারুল হক খান চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত এ সম্মেলনে পাটমন্ত্রী ব্রিগেডিয়ার (অবঃ) আঃ সঃ মঃ হান্নান শাহ, ত্রাণ প্রতিমন্ত্রী লুৎফর রহমান খান, সংসদ সদস্যা বেগম নূরজাহান ইয়াসমীন এবং স্থানীয় নেতৃবৃন্দ বক্তৃতা করেন।

স্থানীয় সরকার মন্ত্রী বলেন, এই সরকার ক্ষমতায় আসার পর ৪টি নতুন মেডিক্যাল কলেজ, খুলনা বিশ্ববিদ্যালয় এবং জাতীয় বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করেছেন। অতীতে কোন সরকার উন্নয়নের এই দৃষ্টান্ত স্থাপন করতে পারেনি। তিনি বলেন, গত ১৩ মাসে এই সরকার বিপুল সাফল্য অর্জন করেছে। এই সরকারের বিরুদ্ধে অযোগ্যতার এবং ব্যর্থতার কথা সত্যের অপলাপ মাত্র।

জনাব সালাম তালুকদার বলেন, শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের সরকার বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে শতকরা ৩৫ ভাগ অভ্যন্তরীণ সম্পদ যোগান দিয়েছিলেন। এরশাদ সরকারের আমলে এই যোগানের পরিমাণ শূন্যে এসে দাঁড়িয়েছিল। বর্তমান সরকারের আমলে এর পরিমাণ দাঁড়িয়েছে শতকরা ২৪ ভাগ। খবর তথ্য বিবরণীর।

## কল্যাণ ট্রাস্ট

বাংলাদেশ সরকারী প্রাথমিক বিদ্যালয় শিক্ষক সমিতির নেতৃবৃন্দ শনিবার শিক্ষা-প্রতিমন্ত্রী অধ্যক্ষ মোঃ ইউনুস খানের সাথে এক বৈঠকে মিলিত হন।

বৈঠকে সরকারী প্রাথমিক শিক্ষকদের জন্য কল্যাণ ট্রাস্ট গঠন এবং সাম্প্রতিককালে উন্নয়ন খাত হতে রাজস্ব খাতে স্থানান্তরিত শিক্ষকদের বেতন–ভাতাদি নিয়মিতকরণের ব্যাপারে বিস্তারিত আলোচনা করা হয়।

বৈঠকে সমিতির সভাপতি জনাব মোঃ নূরুজ্জামান, মহা–সচিব আবদুল আউয়াল তালুকদার, সিঃ সহ–সভাপতি মাহফুজুল হক ভূইয়া, সহ–সভাপতি জনাব শফিউল্লাহ, আলাউদ্দিন আশরাফ আলী, আজিজুল হক মানসুরী, সহ–সচিব দলিলউদ্দিন খান ও সমাজকল্যাণ সম্পাদক খলিলুর রহমান উপস্থিত ছিলেন। খবর তথ্য বিবরণীর।